

## সাড়ে ৪ শতাংশ ভ্যাট দিতে হবে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানকে

### ● কমেছে নিউজপ্রিন্ট আমদানি শুল্ক

নিজস্ব বার্তা পরিবেশক

২০০৭-০৮ বাজেটে ইংলিশ মিডিয়াম স্কুল, কোচিং সেন্টার, বেসরকারি মেডিকেল ও ইঞ্জিনিয়ারিং কলেজের ওপর ৪.৫ শতাংশ

হারে মূল্য সংযোজন কর (ভ্যাট) আরোপ করা হয়েছে। সংবাদপত্র গিটের সমস্যার কথা বিবেচনা করে নিউজপ্রিন্ট আমদানির ওপর শুধুমাত্র ২.৫ শতাংশ থেকে হ্রাস করে ১.৫ শতাংশ করা হয়েছে।

এছাড়া কোমল পানীয়, মিনারেল ওয়াটার, টয়লেট সাবান, রেশমী, পন্যাগার, বন্দর, ভূমি উন্নয়ন সংস্থা, ভবন নির্মাণ সংস্থা, টেলিফোন, টেলিগ্রাফ, টেলিফোন ফাঙ্ক, ইন্টারনেট সংস্থা, নিম্ন কার্ড সরবরাহকারী, চপট্রি প্রদর্শক (প্রোফাগ), ওয়ানা, বীমা কোম্পানি, বিদেশী শিল্পী

হবে : ৭৪ ২ কঃ ৭

হবে : দিতে

(১১ পৃষ্ঠার পর)

সহযোগে বিনোদনমূলক সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজক, ফেলথ ক্লাব ও ফিটনেস সেন্টার, খেলাধুলার আয়োজক, ইঞ্জিনিয়ারিং ফার্ম, চার্টার্ড বিমান বা হেলিকপ্টার ভাড়া প্রদানকারী সংস্থার ওপর টার্নওভার করের সুবিধা প্রত্যাহার করে মূল্য সংযোজন করের আওতায় আনার প্রস্তাব করা হয়েছে। অন্যদিকে ফটো নির্মাতা, কুরিয়ার, সার্ভিস এবং যাত্রীবাহী এসি বাস সার্ভিসের ক্ষেত্রে ও কর আরোপের প্রস্তাব করা হয়েছে। এছাড়া মোবাইল ফোন অপারেটর কোম্পানির জন্য ৪.৫ শতাংশ কর হার প্রস্তাব করা হয়েছে। সিটি কর্পোরেশন থেকে ট্রেড লাইসেন্স ইস্যু ও নবায়নকালে ১ হাজার টাকা অগ্রিম আয়কর দেয়ার কথা বলা হয়েছে।

এদিকে সব রঙিন আয় থেকে ০.২৫ শতাংশ হারে উৎস কর কর্তনের প্রস্তাব করা হয়েছে। এছাড়া পেশাজীবীদের মতো সসপাতাল ও ডায়াগনস্টিক সেন্টারগুলোতে ডাক্তারদের প্রদেয় ফি থেকে ৫ শতাংশের পরিবর্তে ১০ শতাংশ, ট্রাস্টি ফি থেকে ১০ শতাংশ, ফ্রেইট ফরওয়ার্ডিং এজেন্সি কমিশন থেকে ৭.৫ শতাংশ এবং ২.৫ হাজার টাকার বেশি সঞ্চয়পত্রের সুদ বাবদ আয় থেকে ১০ শতাংশ হারে উৎস অগ্রিম কর কর্তনের প্রস্তাব করা হয়েছে। এছাড়া সিটিভিভিডিও, সিএন্ডএফ, অনিবাসী কুরিয়ার সার্ভিস, বিপণন, বীমা এবং জেনারেল ইস্যুরেন্স সার্ভিসের প্রভৃতির কমিশন থেকে উৎস কর কর্তনের হার ৫ শতাংশ থেকে বাড়িয়ে ৭.৫ শতাংশ করার প্রস্তাব করা হয়েছে।